

আমার প্রবাস

সীমা ব্যানাজ্জী-রায়

কি দেব তোমায় বল এ পোড়া প্রবাসে
চড়া রঙ স্ফুরা মাটি মূর্তি গড়ে না
গোপন প্রেমের মত কলমী লতাটি
শেষ কবে ছুঁয়ে গেছি মনেও পড়ে না !

এখানে মেঘের নাম রিশিসান গ্লোরী
মন খারাপের ছুটি কাটা গেছে তাই
গান লিখি গান শুনি, থাকাকো একাকী
ছায়া নদী পাড় ভাঙে মানস খোয়াই ;

শুনেছি তোমরা নাকি এখনো গোঁয়ার
বনধ ডাকো, আশা কর পাল্টাবে দিন
কফি হাউসের সেই ছোপ ধরা ঘরে
আড্ডার ধোঁয়া মাঠে খেলছে শচীন...

জানো, আমি ভাল নেই বহুদিন হল
যদিও ভালতে আছি রুচি সম্মত
ছুটি পেলে একবার ঘুরে যেতে পারো
যদি পারো, ঘুরে গেলে বড় ভাল হত.....
